


লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭

বিজ্ঞপ্তি

তারিখ : ০৬/০৬/২০২৩ খ্রি:

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান আগামী ৭ জুন ২০২৩ খ্রি: তারিখ বুধবার বেলা ২:০০ ঘটিকায় কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, ভাইস-চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন স্থপতি প্রফেসর ড. নিজামউদ্দিন আহমেদ, প্রো-ভাইস-চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এবং অধ্যাপক আবদুস সালাম হাওলাদার, ট্রেজারার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর। নবীনবরণ অনুষ্ঠান উপলক্ষ্যে কলেজের ক্লাসসমূহ স্থগিত থাকবে। শিক্ষক-শিক্ষার্থীদেরকে বেলা ১:০০ ঘটিকার মধ্যে কলেজ ক্যাম্পাসে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এখানে উল্লেখ্য যে, শিক্ষার্থীদেরকে আইডি কার্ড দেখিয়ে কলেজে প্রবেশ করতে হবে। অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের যাদের আইডি কার্ড এখনো হয়নি। তারা ব্যাংকের টাকা জমার রশিদ দেখিয়ে কলেজ ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে।

  
অধ্যক্ষ 6.6.2023

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭।